মেহেরপুর সরকারি কলেজে ইসলামী ছাত্রশিবিরের ফ্রি মেডিকেল ক্যাম্প

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর সরকারি কলেজ শাখার উদ্যোগে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

গত শনিবার অনুষ্ঠিত এ ক্যাম্পে গাইনী বিশেষজ্ঞ ডা. আব্দুস সালাম, ডা. মিজানুর রহমান এবং ডেন্টিস্ট ডা. আবুল বাশার রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন।

এছাড়া বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও ডায়াবেটিস পরীক্ষার সুবিধা রাখা হয়।

ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর জেলা শাখার সভাপতি আব্দুস সালাম, জেলা সেক্রেটারি সাইদুর ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ শাখার সভাপতি মো. কামরুল ইসলাম নাহিদ, সেক্রেটারি সুলাইমান আহমেদ বাপ্পীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামের উদ্যোগে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টার দিকে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা পৌর শাখার সমাজকল্যাণ বিভাগ, আদ্-দ্বীন ফাউন্ডেশনের উদ্যোগে এবং ইবনে সিনা ফার্মাসিউটিক্যালের সহযোগিতায় মেডিকেল ক্যাম্পটির উদ্বোধন করেন চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ।

এছাড়াও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনে জামায়াত মনোনীত এমপি প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মেহেদী ইসলাম, আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা জামায়াতের আমীর শফিউল আলম বকুল, সেক্রেটারি মামুন রেজা, জে-আ সাংগঠনিক থানা শাখার আমীর আব্বাস উদ্দিন, আলমডাঙ্গা পৌর সেক্রেটারি মাওলানা মোসলেম উদ্দিন, পৌর নায়েবে আমীর মাওলানা জুলফিকার আলী, মাওলানা আব্দুল কাদের, সহকারী সেক্রেটারি সাইফুল্লাহ হাসানসহ পৌর ও ওয়ার্ড জামায়াত নেতৃবৃন্দ।

ফাউন্ডেশনের পরিচালক ও পৌর জামায়াতের আমীর মোঃ মাহের আলীর তত্ত্বাবধানে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে চিকিৎসা প্রদান করেন শিশু রোগ বিশেষজ্ঞ ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কনসালট্যান্ট ডা. মাহবুবুর রহমান (মিলন), শিশু রোগ বিষয়ে অভিজ্ঞ চিকিৎসক ও সাবেক উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. আলহাজ্ব লিয়াকত আলী, নাক, কান ও গলা রোগ বিশেষজ্ঞ ও চুয়াডাঙ্গা সদর হাসপাতালের কনসালট্যান্ট ডা. এএসএম নাজিমুজ্জামান মিলন, স্ত্রী রোগ বিশেষজ্ঞ ডা. নুসরাত নওরিন নাহার (সেতু), মেডিসিন ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. মোঃ আল-আমিন এবং ডা. মোঃ সাজিদ হাসান।

মেডিকেল ক্যাম্প থেকে পাঁচ শতাধিক মানুষকে চিকিৎসাসেবা ও ওষুধ প্রদান করা হয়।

আলমডাঙ্গায় ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত

কুষ্টিয়ার মদিনা চক্ষু হাসপাতালের উদ্যোগে আলমডাঙ্গায় দিনব্যাপী ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা তা’লীমুল কুরআন নূরানিয়া হাফিজিয়া মাদ্রাসা প্রাঙ্গণে দিনব্যাপী ফ্রি চক্ষু চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০ টা থেকে এ চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হয়। সকালে মাদ্রাসা কমিটির সাধারণ সম্পাদক ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন আনুষ্ঠানিকভাবে প্রধান অতিথি হিসাবে এ ক্যাম্পের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মাদ্রাসা কমিটির অন্যতম সদস্য আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রুনু খন্দকার, কমিটির সদস্য আব্দুল হামিদ, হারুন অর রশিদ,রাসেল রেজা আহমেদ লাভলু, আমিন উদ্দিন।

ক্যাম্পে হাসপাতালের ডিপ্লোমা চক্ষু বিশেষজ্ঞ ডাঃ নাফিজ ইকবাল। তিনি শতাধিক রোগীকে বিনামূল্যে ব্যবস্থাপত্র ও ওষুধ দেন। এ সময় ৪ জন ছানি পড়া রোগীকে বাছাই করে বিনামূল্যে অপারেশনের জন্য কুষ্টিয়া মদিনা চক্ষু হাসপাতালে ভর্তি হওয়ার পরামর্শ দিয়েছেন।

আলমডাঙ্গায় ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

আলমডাঙ্গায় ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল আলমডাঙ্গা পোস্ট অফিসের সামনে এই ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। এলাকার অসহায় দুস্থ মানুষের সেবায় মেডিপ্লাসের সৌজন্যে এই উদ্যোগ নেওয়া হয়।

অনুষ্ঠান উদ্বোধন করেন, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিলন। উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, ডাক্তার আব্দুল্লাহ আল মামুন। এই ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্পে সেবাদানকারী চিকিৎসকরা হলেন মূল উদ্যোক্তা ডাক্তার সুব্রত প্রমানিত, ডাক্তার তাহমিদ আশরাফ, ডাক্তার বিতাশী চক্রবর্তী।

ডাক্তার সুব্রত প্রমানিত বলেন, আমার এলাকার অসহায় দুস্থ মানুষের চিকিৎসা সেবায় আরও বৃহৎ পরিসরে সকলকেই এগিয়ে আসতে হবে। আমি এবং আমার বন্ধু চিকিৎসকদের সাথে নিয়ে শুরু করছি। পরবর্তীকালে এই রকম ফ্রি ডেন্টাল মেডিকেল ক্যাম্প চলমান থাকবে বলে আশা করছি।

ঝিনাইদহে ফ্রি ফিজিওথেরাপি ক্যাম্প ও উপকরণ বিতরণ

ঝিনাইদহে অসহায় দুস্থ রোগীদের জন্য ফ্রি ফিজিওথেরাপি ক্যাম্প ও তাদের মাঝে উপকরণ বিতরণ করা হয়েছে। আশার প্রতিষ্ঠাতা সফিকুল হক চৌধুরীর ৪র্থ মৃত্যু বার্ষিকী উপলক্ষে বুধবার সকালে শহরের আরাপপুরে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় আশার রিজিওনাল ম্যানেজার কাজী ফজলুল হক’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল হাই সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন উপজেলা রিসোর্স অফিসার এস এম আব্দুল জব্বার।

অনুষ্ঠান পরিচালনা করেন আশার ফিজিওথেরাপিষ্ট তাছনিম ইসলাম ইলা। এ আয়োজনে জেলার বিভিন্ন এলাকার ২ শতাধিক অসুস্থ ও শারীরিকভাবে অসক্ষম ব্যক্তিদের বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা দেওয়া হয় এবং প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ বিতরণ করা হয়।

আয়োজকরা জানায়, ঝিনাইদহসহ আশপাশের অঞ্চলে শারীরিক সমস্যায় ভুগছেন এমন মানুষদের সহায়তা করাই এই উদ্যোগের মূল লক্ষ্য। সুবিধাভোগীরা এমন সেবার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতে আরও এমন আয়োজনের আহ্বান জানান। আলোচনা সভা শেষে আশার প্রতিষ্ঠাতা সফিকুল হক চৌধুরীর আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া করা হয়।

মেহেরপুরে ফ্রি মেডিকেল

ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৫ জানুয়ারি) সকাল ১০ টায় মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নে নতুন মদনাডাঙ্গা হান্নানগঞ্জ স্কুলে দিন ব্যাপী এই ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা আমির সোহেল রানা ও শ্যামপুর ইউনিয়ন আমির মফিদুল ইসলাম।

এছাড়াও শ্যামপুর ইউনিয়ন রাজনীতিক সেক্রেটারি মো: আজমাইন হোসেন, রেজাউল করিম প্রমুখ উপস্থিত ছিলেন।

জীবননগর ৩ শতাধীক মানুষকে ফ্রি চিকিৎসা প্রদান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে জীবননগরে ইন্দো-বাংলা চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে প্রধান অতিথি হিসেবে জীবননগর পৌরসভা প্রাঙ্গণে এই চিকিৎসা শিবিরের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

কলকাতার রুবি জেনারেল হাসপাতালের সহযোগিতায় চিকিৎসা দেন ভারত থেকে আগত মেডিসিন, অর্থোপেডিক, গাইনি, কিডনি ও হৃদরোগ বিশেষজ্ঞ ডা. দীপাঞ্জন ভদ্র, কুমার ব্যানার্জি, আমরিতাক্ষয়, তন্ময় মাঝি, আয়ান মুখোপাধ্যায়।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে এবং জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমলের সঞ্চালনায়

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর পৌরসভার মেয়র মো. রফিকুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সি নাসির উদ্দিন প্রমুখ।